উপজেলা পরিষদ

রাউজান, চট্টগ্রাম।

৪৩তম

মাসিক সভার

কার্যবিবরণী

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

উপজেলা পরিষদ

রাউজান, চট্টগ্রাম।

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা পরিষদের ৪৩তম মাসিক সভার কার্যবিবরণী ঃ-

উপদেষ্টা ঃ জনাব এ.বি.এম. ফজলে করিম চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৮৩ চট্টগ্রাম-৬ (রাউজান), ও সভাপতি, রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

সভাপতি ঃ জনাব এ.কে.এম এহেছানুল হায়দর চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রাউজান, চট্টগ্রাম।

তারিখ ও সময় ঃ ০৩/০১/২০২৩ খ্রি., সকাল-১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান সভার পক্ষ থেকে উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়, মেয়র, রাউজান পৌরসভা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্বাগত জানিয়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনার আলোকে ১০০% উন্নয়নমূলক প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয় মর্মে মতামত ব্যক্ত করে উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম শুরু করার আহ্বান জানান। সভাপতি মহোদয়ের সদয় সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং নিম্নরূপে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	বিভাগ/দপ্তরের নাম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
০১	৫ম উপজেলা পরিষদের বিগত ৪২তম মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত।	উপজেলা নির্বাহী অফিসার ৫ম উপজেলা পরিষদের বিগত ৪২তম মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সকলের মতামত গ্রহণ করেন। বিস্তারিত আলোচনায় কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়।	৪২তম মাসিক সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। কার্য-বিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।
০২	জঙ্গিবাদ নির্মূল ও গুজব-অপপ্রচার প্রতিরোধ সংক্রান্ত।	উপজেলা নির্বাহী অফিসার জানান, জঙ্গিবাদ নির্মূল ও গুজব-অপপ্রচার প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খুৎবা বয়ান, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণসহ জিজ্ঞাসাবাদ, কোথাও জঙ্গীবাদের তথ্য পাওয়া গেলে রাউজান থানা কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং জঙ্গিবাদ নির্মূল ও গুজব প্রতিরোধে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষে সকল শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মেয়র, রাউজান পৌরসভা, সকল ইউপি চেয়্যরম্যানসহ সকল জনপ্রতিনিধিগণকে আহ্বান জানান। বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জঙ্গিবাদ নির্মূল ও গুজব-অপচার প্রতিরোধে সামাজিক সচেতনতা সৃষ্টির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মেয়র, রাউজান পৌরসভা, সকল ইউপি চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিগণকে নির্দেশনা দেন।	জঙ্গিবাদ নির্মূল ও গুজব-অপচার প্রতিরোধে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষে সকল শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মেয়র, রাউজান পৌরসভা, সকল ইউপি চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়।
০৩	মানব পাচার ও রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ সংক্রান্ত।	উপজেলা নির্বাহী অফিসার জানান, মানব পাচার ও রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। অদ্যাবধি রাউজানে মানব পাচারের কোন ঘটনা ঘটেনি। মানব পাচার প্রতিরোধ ও রাউজানে রোহিঙ্গাদের অনুপ্রবেশ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পৌর মেয়র/কাউন্সিলরবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যান, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।	মানব পাচার প্রতিরোধ এবং রাউজানের অভ্যন্তরে রোহিঙ্গা অনুপ্রবেশ বন্ধকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পৌর মেয়র/কাউন্সিলরবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যান, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।
০৪	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাসের (কোভিড-১৯) ভ্যাকসিনের ৪র্থ ডোজের কার্যক্রম শুরু হয়েছে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। আগামী ০৭-১২ জানুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের ৫-১৬ বছর বয়সী শিক্ষার্থীদের কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হবে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তার সহযোগিতা কামনা করেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ করোনা ভাইরাসের (কোভিড-১৯) ভ্যাকসিনের ৪র্থ ডোজের কার্যক্রম শুরুর বিষয়ে পৌর/ইউপির ওয়ার্ড ভিত্তিক প্রচারের পদক্ষেপ গ্রহণ, কমিউনিটি ক্লিনিক সমূহ নিয়মিত পরিদর্শন, রোগীদের চাহিদা অনুযায়ী এ্যাম্বুলেন্স সরবরাহকরণ, হাসপাতাল,

চলমান পাতা-২

<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিভাগ/দপ্তরের নাম</th><th>আলোচনার বিষয়</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ</td><td>তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য এবং সভাপতি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান এর সদয় দৃষ্টি আকর্ষণ করে ডিসেম্বর-২০২২ মাসের স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সম্পর্কিত বিস্তারিত প্রতিবেদন নিম্নমতে পেশ করেন।
<table>
<tr><th>ক্র. নং</th><th>কার্যক্রম/সেবার বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>বর্হিঃ বিভাগ এর রোগীর সংখ্যা</td><td>৭,৮৯৭</td></tr>
<tr><td>২</td><td>জরুরী বিভাগ এর রোগীর সংখ্যা</td><td>১০,৮২৭</td></tr>
<tr><td>৩</td><td>আন্তঃ বিভাগে রোগী ভর্তির সংখ্যা</td><td>৯৮৯</td></tr>
<tr><td>৪</td><td>মাইনর অপারেশন সংখ্যা</td><td>২১</td></tr>
<tr><td>৫</td><td>নরমাল ডেলিভারী (প্রসব) সংখ্যা</td><td>৩৭</td></tr>
<tr><td>৬</td><td>বেড অকুপেন্সী রেইট</td><td>৫৭.২১%</td></tr>
<tr><td>৭</td><td>প্যাথলজী টেস্টের সংখ্যা</td><td>১৪৮৭</td></tr>
<tr><td>৮</td><td>সড়ক দুর্ঘটনায় আহত রোগীর সংখ্যা</td><td>২২</td></tr>
<tr><td>৯</td><td>সাবসেন্টার সমূহে রোগীর সংখ্যা</td><td>১২৪৭৭</td></tr>
<tr><td>১০</td><td>কমিউনিটি ক্লিনিক সমূহে রোগী সংখ্যা</td><td>২২৭১৩</td></tr>
<tr><td>১১</td><td>বিনামূল্যে যক্ষা রোগীর চিকিৎসা প্রাপ্ত সংখ্যা</td><td>৪৮</td></tr>
<tr><td>১২</td><td>ভায়া ও সিবিই টেষ্ট</td><td>১৪৫</td></tr>
</table>
স্বাস্থ্য বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় করোনা ভাইরাসের (কোভিড-১৯) ভ্যাকসিনের ৪র্থ ডোজের কার্যক্রম শুরুর বিষয়ে পৌর/ইউপির ওয়ার্ড ভিত্তিক প্রচারের পদক্ষেপ গ্রহণ, কমিউনিটি ক্লিনিক সমূহ নিয়মিত পরিদর্শন, রোগীদের চাহিদা অনুযায়ী এ্যাম্বুলেন্স সরবরাহকরণ, হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক ও এ্যাম্বুলেন্স সমূহ পরিষ্কার পরিচ্ছন্নরাখাসহ সুষ্ঠু সংরক্ষণ, ডাক্তার, আবাসিক ডাক্তার ও কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণসহ সেবার মান বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তারকে নির্দেশনা দেন।</td><td>কমিউনিটি ক্লিনিক ও এ্যাম্বুলেন্স সমূহ পরিষ্কার পরিচ্ছন্নরাখাসহ সুষ্ঠু সংরক্ষণ, ডাক্তার, আবাসিক ডাক্তার ও কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণসহ সেবার মান বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তারকে নির্দেশনা প্রদান করা হয়।</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী, রাউজান জানান-বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আশ্রয়ণ প্রকল্প সমূহের সংযোগ সড়কের প্রাক্কলন তৈরী করা হয়। বিভিন্ন ইউপির সংযোগ সড়ক সমূহের তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া কৃষি ভিত্তিক প্রকল্প গ্রহণ করা হবে। এ বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তার সহযোগিতা কামনা করেন। এছাড়া বীর মুক্তিযোদ্ধাদের নামে সড়ক নামকরণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হবে। তিনি সভায় সকলের দৃষ্টি আকর্ষন করে জানান, বিগত ৩৯তম মাসিক সভায় রাউজান উপজেলার আশ্রয়ণ প্রকল্প সমূহের অভ্যন্তরীন সড়ক সমূহ উন্নয়নের জন্য ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকা অনুমোদন করা হয়। উক্ত প্রকল্পটি ২ (দুই) ভাগে বিভক্ত করে উপজেলার আশ্রয়ণ প্রকল্প সমূহের অভ্যন্তরীন সড়ক সমূহ ও অবকাঠামো উন্নয়ন পার্ট-১ =৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা ও উপজেলার আশ্রয়ণ প্রকল্প সমূহের অভ্যন্তরীন সড়ক সমূহ ও অবকাঠামো উন্নয়ন পার্ট-২ =৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাস্তবায়ন এবং রাউজান উপজেলার ডাবুয়া ইউপির ২, ৭ ও ৯নং ওয়ার্ডে, গহিরা ইউপির ৪নং ওয়ার্ডে এবং বিনাজুরী ইউপির ১, ২, ৩, ৪ ও ৫নং ওয়ার্ডে ইউপি সদস্যদের অফিস ভবন নির্মাণ (মোট ৯টি ওয়ার্ড অফিস) এর বরাদ্দকৃত ১৮,০০,০০০/-(আটার লক্ষ) টাকার প্রকল্পটি প্রতিটি ওয়ার্ডে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা হারে বিভাজন করিয়া প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করলে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাউজানকে অনুরোধ করা হয়।</td><td>১) যে সকল সড়ক/রাস্তা নাম বিহীন রয়েছে সেগুলো যাচাই বাচাইক্রমে বীর মুক্তিযোদ্ধাদের নামে সড়ক নামকরণের পদক্ষেপ গ্রহণ, জনগুরুত্ব বিবেচনায় প্রকল্প গ্রহণ, সকল রাস্তায় ফলক লাগানো, চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পন্নকরণ, যে সকল ঠিকাদার সঠিকভাবে কাজ করছেন না তাদের কালো তালিকাভুক্তকরণ, বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে ইরানি বিটুমিন ব্যবহার বন্ধকরণ, উন্নয়ন প্রকল্প সমূহ নিয়মিত মনিটরিংসহ কাজের সঠিক ও গুনগত মান নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।
২) বিগত ৩৯তম মাসিক সভায় রাউজান উপজেলার আশ্রয়ণ প্রকল্প সমূহের অভ্যন্তরীন সড়ক সমূহ উন্নয়নের জন্য ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকা প্রকল্পটি ২ (দুই) ভাগে বিভক্ত করে উপজেলার আশ্রয়ণ প্রকল্প সমূহের অভ্যন্তরীন সড়ক সমূহ ও অবকাঠামো উন্নয়ন পার্ট-১ =৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা ও</td></tr>
</table>

ক্রঃনং	বিভাগ/দপ্তরের নাম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশল বিভাগের আলোচনায়, উপজেলা নির্বাহী অফিসার বীর মুক্তিযোদ্ধাদের নামে সড়ক নামকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। প্রকৌশল বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় যে সকল সড়ক/রাস্তা নাম বিহীন রয়েছে সেগুলো যাচাই বাচাইক্রমে বীর মুক্তিযোদ্ধাদের নামে সড়ক নামকরণের পদক্ষেপ গ্রহণ, জনগুরুত্ব বিবেচনায় প্রকল্প গ্রহণ, সকল রাস্তায় ফলক লাগানো, চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পন্নকরণ, যে সকল ঠিকাদার সঠিকভাবে কাজ করছেন না তাদের কালো তালিকাভুক্তকরণ, বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে ইরানি বিটুমিন ব্যবহার বন্ধকরণ, উন্নয়ন প্রকল্প সমূহ নিয়মিত মনিটরিংসহ কাজের সঠিক ও গুনগত মান নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা দেন।	উপজেলার আশ্রয়ণ প্রকল্প সমূহের অভ্যন্তরীন সড়ক সমূহ ও অবকাঠামো উন্নয়ন পার্ট-২ =৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাস্তবায়ন এবং রাউজান উপজেলার ডাবুয়া ইউপির ২, ৭ ও ৯নং ওয়ার্ডে, গহিরা ইউপির ৪নং ওয়ার্ডে এবং বিনাজুরী ইউপির ১, ২, ৩, ৪ ও ৫নং ওয়ার্ডে ইউপি সদস্যদের অফিস ভবন নির্মাণ (মোট ৯টি ওয়ার্ড অফিস) এর বরাদ্দকৃত ১৮,০০,০০০/-(আটার লক্ষ) টাকার প্রকল্পটি প্রতিটি ওয়ার্ডে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা হারে বিভাজন করিয়া প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করলে সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাউজানকে অনুরোধ করা হয়।
০৬	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঢেউটিন বরাদ্দের জন্য নতুন তালিকা প্রস্তুত করা হয়। চলমান প্রকল্প সমূহ নিয়মিত তদারকি ও মনিটরিং করা হচ্ছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখার বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় চলমান প্রকল্প সমূহের কাজ দ্রুত শেষ করা, ইতোপূর্বের সকল বরাদ্দের তালিকা তৈরী, যে সকল ঠিকাদার সঠিকভাবে কাজ সম্পন্ন করছেন না তাদের কালো তালিকাভুক্তকরণ এবং কাজের সঠিক ও গুনগত মান নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ চলমান প্রকল্প সমূহের কাজ দ্রুত শেষ করা, ইতোপূর্বের সকল বরাদ্দের তালিকা তৈরী, যে সকল ঠিকাদার সঠিকভাবে কাজ সম্পন্ন করছেন না তাদের কালো তালিকাভুক্তকরণ এবং কাজের সঠিক ও গুনগত মান নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
০৭	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাউজান এর প্রতিনিধি জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ৫ম শ্রেণির বৃত্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। বিনামূল্যে বই বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। উক্ত কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য মেয়র, রাউজান পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অনুমোদনহীন কেজি/কিন্ডারগার্টেন স্কুল বন্ধে পদক্ষেপ গ্রহণ করা হয়। বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রী ভর্তির বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়। শিক্ষা বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাদে সোলার প্যানেল স্থাপনের লক্ষে বরাদ্দ প্রদানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ, মা সমাবেশ আয়োজন, ছাদ বাগান সৃজন, বিদ্যালয় সমূহের বেদখল ভূমি উদ্ধারে পদক্ষেপ গ্রহণ, সরকারী সম্পত্তি রক্ষা, দপ্তরী কাম দারোয়ানদের মাধ্যমে বিদ্যালয়সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, শ্রেণী কক্ষের গ্লাস, দরজা-জানালা ইত্যাদি মেরামতকরণসহ শিক্ষার মান বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাদে সোলার প্যানেল স্থাপনের লক্ষে বরাদ্দ প্রদানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ, মা সমাবেশ আয়োজন, ছাদ বাগান সৃজন, বিদ্যালয় সমূহের বেদখল ভূমি উদ্ধারে পদক্ষেপ গ্রহণ, সরকারী সম্পত্তি রক্ষা, দপ্তরী কাম দারোয়ানদের মাধ্যমে বিদ্যালয়সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, শ্রেণী কক্ষের গ্লাস, দরজা-জানালা ইত্যাদি মেরামতকরণসহ শিক্ষার মান বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিনামূল্যে পাঠ্যবই বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। উক্ত কার্যক্রম ভার্চুয়ালি উদ্বোধন করায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে আন্তরিক	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ক্রীড়া, বিতর্ক, স্কাউট,

ক্রঃনং	বিভাগ/দপ্তরের নাম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। চলতি শিক্ষাবর্ষে নতুন কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে। কো-কারিকুলাম কার্যক্রম জোরদার করা হবে। মুখস্থ বিদ্যার পরিবর্তে বাস্তবমুখী শিক্ষা কার্যক্রম ৬ষ্ঠ শ্রেণি থেকে শুরু হবে এবং তা পর্যায়ক্রমে সকল শ্রেণির শিক্ষা কার্যক্রমে পরিচালিত হবে। এছাড়া শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের আলোচনায়, উপজেলা নির্বাহী অফিসার জানান, শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সপ্তাহে ৫দিন পাঠদান কার্যক্রম পরিচালিত হয়। তিনি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া কার্যক্রম জোরদারকরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ক্রীড়া, বিতর্ক, স্কাউট, গার্ল গাইডস্সহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন, শিক্ষা প্রতিষ্ঠান সমূহ নিয়মিত পরিদর্শন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাদ বাগান কার্যক্রম জোরদারকরণ, আইসিটি ল্যাব স্থাপন, নিয়মিত জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিতকরণ ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ শিক্ষার মান বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা দেন।	গার্ল গাইডস্সহ বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন, শিক্ষা প্রতিষ্ঠান সমূহ নিয়মিত পরিদর্শন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাদ বাগান কার্যক্রম জোরদারকরণ, আইসিটি ল্যাব স্থাপন, নিয়মিত জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিতকরণ ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ শিক্ষার মান বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
০৯	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাউজান জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হালদা নদীর মা মাছ, বিভিন্ন জলজ প্রাণি ও জীববৈচিত্র রক্ষায় অভিযান কার্যক্রম অব্যাহত রয়েছে। মৎস্য বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় হালদা নদীতে বড় মাছ ছাড়ার জন্য প্রয়োজনীয় বরাদ্দের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ, সুইচ গেইট সমূহ ফিস ফ্রেন্ডলী করা, নদীর বাকসমূহ পুরুদ্ধার, নদীতে বজ্য ফেলা বন্ধকরণ, নদীর অভ্যন্তরের সকল ধরণের জাগ/খুঁটি অপসারণ, হালদা নদীর মা মাছ, বিভিন্ন জলজ প্রাণি ও জীববৈচিত্র রক্ষায় অভিযান পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ হালদা নদীতে বড় মাছ ছাড়ার জন্য প্রয়োজনীয় বরাদ্দের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ, সুইচ গেইট সমূহ ফিস ফ্রেন্ডলী করা, নদীর বাকসমূহ পুরুদ্ধার, নদীতে বজ্য ফেলা বন্ধকরণ, নদীর অভ্যন্তরের সকল ধরণের জাগ/খুঁটি অপসারণ, হালদা নদীর মা মাছ, বিভিন্ন জলজ প্রাণি ও জীববৈচিত্র রক্ষায় অভিযান পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
১০	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ১৭-২২ তারিখ পর্যন্ত পরিবার পরিকল্পনা বিশেষ সেবা সপ্তাহ উদ্‌যাপিত হয়েছে। ইউনিয়ন পর্যায়ে সম্মানিত ইউপি চেয়ারম্যানগণ সেবা সেন্টারগুলোতে গিয়ে সেবা সপ্তাহের উদ্বোধন করেন এবং গাছের চারা রোপন করছেন। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। গহিরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় গহিরা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রোগীদের জন্য বেশ কিছু বসার চেয়ার প্রদান করেছেন। এজন্য তাকে আন্তরিক ধন্যবাদ জানান। এবারের সেবা সপ্তাহের প্রতিপাদ্য বিষয় "সময়মত নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি"। সেবা ও প্রচার সপ্তাহে মোট ১জন এনএসডি সেবা, ১০ জন টিউব্যাকটমী, ৯৯ জন আইইউডি, ১৯৬ জন ইমপ্লান্ট, ইনজেকটেবল ২০৮ জন, গর্ভবর্তীর যত্ন ১৮১ জন, ডেলিভারী সেবা ২৩ জন, গর্ভোত্তর সেবা ৮৫ জন, শিশু ২১৯ জন, কিশোর কিশোরী ৩২৩ জন, সাধারণ রোগী ৯৭২জনকে সেবা	১) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ কদলপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রয়োজনীয় জনবল পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ এবং প্রত্যন্ত এলাকা সমূহে পরিবার পরিকল্পনা কর্মীদের যথাযথ দায়িত্বপালন নিশ্চিতকরণ, জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কে জনসাধারণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিভাগ/দপ্তরের নাম</th><th>আলোচনার বিষয়</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১০</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>প্রদান করা হয়। এবারের সেবা সপ্তাহে বেশ কিছু উদ্ভাবনী পরিকল্পনা গ্রহণ করা হয়। যারমধ্যে টেলিমেডিসিন সেবা, আশ্রয়ণ প্রকল্পে সেবা, বাড়ী বাড়ী গিয়ে গর্ভবতীদের বিশেষ সেবা কার্যক্রম উল্লেখযোগ্য। এ জন্য জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চট্টগ্রাম থেকে রাউজানের সৃজনশীল ও উদ্ভাবনী প্রকল্পের জন্য ধন্যবাদ জানানো হয়। বিগত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্য বিভাগ, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কদলপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও বিনাজুরী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০২ জন নার্স পদায়ন করেছেন। এ বিষয়ে সভায় অনুমোদনের জন্য পেশ করলে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাউজান, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়সহ সভায় উপস্থিত সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করে স্বাস্থ্য বিভাগের নার্স পদায়নের অনুরোধ জানান। তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়, সভাপতি ও মাননীয় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজানসহ সকলের দৃষ্টি আকষর্ণ করে তার বিভাগীয় কার্যক্রম নিম্নমতে পেশ করেনঃ-
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>ইউপি স্বাস্থ্য ও পঃ কঃ কেন্দ্র</td><td>১০টি</td></tr>
<tr><td>০২</td><td>মা ও শিশু কল্যান কেন্দ্র (১০ শয্যা)</td><td>০২টি</td></tr>
<tr><td>০৩</td><td>স্যাটেলাইট ক্লিনিক গঠনের সংখ্যা</td><td>৪৮টি</td></tr>
<tr><td>০৪</td><td>মোট সক্ষম দম্পতি</td><td>৬৪,৭১৫ জন</td></tr>
<tr><td>০৫</td><td>মোট পদ্ধতি গ্রহীতা</td><td>৪৮,৮৫৮ জন</td></tr>
<tr><td>০৬</td><td>মোট সি.এ. আর</td><td>৭৫.৫০%</td></tr>
<tr><td>০৭</td><td>সাধারণ রোগী সেবা</td><td>৩,২৪১ জন।</td></tr>
<tr><td>০৮</td><td>নরমাল ডেলিভারি সেবা</td><td>১৪৫জন।</td></tr>
<tr><td>০৯</td><td>শিশু সেবা</td><td>৪,৩৩৬ জন।</td></tr>
<tr><td>১০</td><td>কিশোর কিশোরী সেবা</td><td>২,৬৯১ জন</td></tr>
<tr><td>১১</td><td>প্রসবপূর্ব সেবা</td><td>৪৪৮ জন।</td></tr>
<tr><td>১২</td><td>প্রসবোত্তর সেবা</td><td>৩৪৭৪ জন।</td></tr>
</table>
পরিবার পরিকল্পনা বিভাগের আলোচনায়, চেয়ারম্যান, ১৩নং নোয়াপাড়া ইউনিয়ন পরিষদ, রাউজান জানান, দীর্ঘদিন ধরে তার ইউপি এলাকার মাস্টার দা সূর্যসেন মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কোন জনবল নেই। উক্ত মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রয়োজনীয় জনবল পদায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান।
পরিবার পরিকল্পনা বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় কদলপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রয়োজনীয় জনবল পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ এবং প্রত্যন্ত এলাকা সমূহে পরিবার পরিকল্পনা কর্মীদের যথাযথ দায়িত্বপালন নিশ্চিতকরণ, জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কে জনসাধারণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে নির্দেশনা দেন।</td><td>২) স্বাস্থ্য বিভাগ কর্তৃক পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কদলপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও বিনাজুরী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০২ জন নার্স পদায়নের বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td></tr>
<tr><td>১১</td><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তার জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি উৎপাদন বৃদ্ধিতে প্রতি ইঞ্চি জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা হবে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়। কৃষকদের সরিষা, কচু, সূর্যমুখী ও বিভিন্ন সব্জি উৎপাদন/পরিচর্যায় প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ ইউপি ভিত্তিক কৃষির সমস্যাসমূহ চিহ্নিতকরণ, কৃষি জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, কৃষি/ফসলী জমিতে ঘর বাড়ী নির্মাণ ও ভরাট বন্ধ করা, নতুন জাতের</td></tr>
</table>

ক্রঃনং	বিভাগ/দপ্তরের নাম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
১১	কৃষি বিভাগ	উরকিরচর হতে বৃক্ষভানুপুর পর্যন্ত কৃষি ফসলী জমিসমূহ পরিদর্শন করা হয়। কৃষি বিভাগের আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় ইউপি ভিত্তিক কৃষির সমস্যাসমূহ চিহ্নিতকরণ, কৃষি জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, কৃষি/ফসলী জমিতে ঘর বাড়ী নির্মাণ ও ভরাট বন্ধ করা, নতুন জাতের ফসল উৎপাদন, বিভিন্ন ধরণের সব্জি চাষ বৃদ্ধি করা, পতিত জমি সমূহ চাষের আওতায় আনায়ন, উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত দায়িত্বপালন তদারকি ও মনিটরিং, কৃষি যন্ত্রপাতিসমূহ সুষ্ঠু সংরক্ষণ, কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কৃষি উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে নির্দেশনা দেন।	ফসল উৎপাদন, বিভিন্ন ধরণের সব্জি চাষ বৃদ্ধি করা, পতিত জমি সমূহ চাষের আওতায় আনায়ন, উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত দায়িত্বপালন তদারকি ও মনিটরিং, কৃষি যন্ত্রপাতিসমূহ সুষ্ঠু সংরক্ষণ, কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কৃষি উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
১২	সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০২/০১/২০২৩ খ্রি. তারিখে জাতীয় সমাজ সেবা দিবস পালন করা হয়। উক্ত দিবসে ১০ লক্ষ টাকার ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়। বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় বিভিন্ন ভাতাভোগীদের ভাতার টাকা যথাযথভাবে বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ বিভিন্ন ভাতাভোগীদের ভাতার টাকা যথাযথভাবে বিতরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
১৩	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খামারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় উন্নত জাতের গবাদি পশুর প্রজননের পদক্ষেপ গ্রহণ ও খামারিদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধিকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ উন্নত জাতের গবাদি পশুর প্রজননের পদক্ষেপ গ্রহণ ও খামারিদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করা হয়
১৪	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাউজান সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।	পরবর্তী সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানানোর জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।
১৫	জনস্বাস্থ্য বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২য় বরাদ্দের নলকূপ সমূহের খনন কাজ শেষ হয়েছে। পাম্প ও ট্যাংক স্থাপনের কাজ চলমান রয়েছে। জনস্বাস্থ্য বিভাগের আলোচনায়, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় সকল নলকূপে উন্নতমানের পাম্প ও ট্যাংক স্থাপন নিশ্চিতকরণ, পানির আয়রন রোধে পদক্ষেপ গ্রহণ, নলকূপ স্থাপনের কাজ দ্রুত সমাপ্ত করা, অকেজো ও নষ্ট নলকূপ সমূহ দ্রুত মেরামতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ সকল নলকূপে উন্নতমানের পাম্প ও ট্যাংক স্থাপন নিশ্চিতকরণ, পানির আয়রন রোধে পদক্ষেপ গ্রহণ, নলকূপ স্থাপনের কাজ দ্রুত সমাপ্ত করা, অকেজো ও নষ্ট নলকূপ সমূহ দ্রুত মেরামতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে নির্দেশনা প্রদান করা হয়।
১৬	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চট্টগ্রাম যুব প্রশিক্ষণ কেন্দ্রে ৩মাস মেয়াদী হাঁস-মুরগি ও পশু পালন বিষয়ে ৭জন প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়। এছাড়া ২৭,৮০,০০০/- টাকার ঋণ বিতরণ করা হয়। উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ খেলাপী ঋণ আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ খেলাপী ঋণ আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা-৭

ক্রঃনং	বিভাগ/দপ্তরের নাম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
১৭	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান-বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দুঃস্থ মহিলাদের মাঝে বিনামূল্যে ৩টি সেলাই মেশিন বিতরণ করা হয়। অফিস কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলমান রয়েছে। পল্লী উন্নয়ন বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় আত্মকর্মসংস্থান সৃষ্টিতে মহিলাদের সেলাইসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদান এবং অনাদায়ী ও খেলাপী ঋণ আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ আত্মকর্মসংস্থান সৃষ্টিতে মহিলাদের সেলাইসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদান এবং অনাদায়ী ও খেলাপী ঋণ আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
১৮	সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মুজিববর্ষ উপলক্ষ্যে আশ্রয়ণ প্রকল্প সমূহে ৯টি সমিতি গঠন করা হয়। আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উক্ত সমিতি সমূহের সমন্বয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। উপজেলা সমবায় বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় বিভিন্ন সমিতির খেলাপী ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণ, সমিতি সমূহের কার্যক্রম মনিটরিংয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ বিভিন্ন সমিতির খেলাপী ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণ, সমিতি সমূহের কার্যক্রম মনিটরিংয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
১৯	বিএডিসি (সেচ)	উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিএডিসি (সেচ) বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়, কৃষি উৎপাদন বৃদ্ধিতে খাল খনন ও সেচ নালা তৈরীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) কে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ কৃষি উৎপাদন বৃদ্ধিতে খাল খনন ও সেচ নালা তৈরীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) কে নির্দেশনা প্রদান করা হয়।
২০	আনসার বিভাগ ও ভিডিপি	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আনসার ও ভিডিপি সদস্যদের দায়িত্ব পালন মনিটরিং করা হচ্ছে। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় আনসার ও ভিডিপি সদস্যদের সঠিক ও যথাযথ দায়িত্ব পালন নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে নির্দেশ দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ আনসার ও ভিডিপি সদস্যদের সঠিক ও যথাযথ দায়িত্ব পালন নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
২১	মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ কাজ চলমান রয়েছে। বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ কাজ যথাযথভাবে সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নির্দেশনা দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ কাজ যথাযথভাবে সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
২২	পরিবেশ ও বন বিভাগ	বন বিভাগের রাউজান ঢালা বিট কাম চেক স্টেশন কর্মকর্তা রাউজান সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।	পরবর্তী সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানানোর জন্য রাউজান ঢালা বিট কাম চেক স্টেশন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
২৩	আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক	ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক জানান-বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। বিস্তারিত আলোচনায় মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় খেলাপী ঋণ কমিয়ে আনার বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমন্বয়কারী, আবাআখা ও পল্লী সঞ্চয় ব্যাংকে নির্দেশ দেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ খেলাপী ঋণ কমিয়ে আনার বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমন্বয়কারী, আবাআখা ও পল্লী সঞ্চয় ব্যাংকে নির্দেশনা প্রদান করা হয়।

ক্রঃনং	বিভাগ/দপ্তরের নাম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
২৪	উপজেলা পরিষদ ভবনসমূহ ও বাউন্ডারী ওয়াল রংকরণ সংক্রান্ত।	উপজেলা প্রকৌশলী, রাউজান সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলা পরিষদ ভবনসমূহ ও বাউন্ডারী ওয়ালের রং অত্যন্ত বিবর্ণ ও ফ্যাকাশে হয়ে পড়ায় জরুরী ভিত্তিতে উক্ত ভবনসমূহ ও বাউন্ডারী ওয়াল রংকরণের জন্য ৪,২৭,৫১৭/- (চার লক্ষ সাতাইশ হাজার পাঁচশত সতের) টাকার প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য পেশ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদ ভবনসমূহ ও বাউন্ডারী ওয়াল রংকরণ কাজের ৪,২৭,৫১৭/-(চার লক্ষ সাতাইশ হাজার পাঁচশত সতের) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উক্ত প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাউজানকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিষদ ভবনসমূহ ও বাউন্ডারী ওয়াল রংকরণ কাজের ৪,২৭,৫১৭/-(চার লক্ষ সাতাইশ হাজার পাঁচশত সতের) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উক্ত প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাউজানকে অনুরোধ করা হয়।
২৫	উপজেলা পরিষদে অস্থায়ীভাবে কর্মরত মালীর বেতন প্রদান সংক্রান্ত।	উপজেলা নির্বাহী অফিসার জানান, জনাব মোঃ ইসমাইল হোসেন, মালী, উপজেলা পরিষদ, রাউজান এর ডিসেম্বর-২০২২ মাসে কর্মরত ৩১ দিনের বেতন বাবদ (৩১×৫৫০/-) = ১৭,০৫০/-(সতের হাজার পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হয়। এ বিষয়ে অনুমোদন প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনায় জনাব জনাব মোঃ ইসমাইল হোসেন, মালী, উপজেলা পরিষদ, রাউজান এর ডিসেম্বর-২০২২ মাসে কর্মরত ৩১ দিনের বেতন বাবদ (৩১×৫৫০/-) = ১৭,০৫০/-(সতের হাজার পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	জনাব মোঃ ইসমাইল হোসেন, মালী, উপজেলা পরিষদ, রাউজান এর ডিসেম্বর-২০২২ মাসে কর্মরত ৩১ দিনের বেতন বাবদ (৩১×৫৫০/-) = ১৭,০৫০/-(সতের হাজার পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
২৬	উপজেলা পরিষদে অস্থায়ীভাবে কর্মরত সুইপার এর বেতন প্রদান সংক্রান্ত।	উপজেলা নির্বাহী অফিসার জানান, জনাব আলী আকবর, সুইপার, উপজেলা পরিষদ, রাউজান এর নভেম্বর-২০২২ মাসে কর্মরত ৩১ দিনের বেতন বাবদ (৩১×৫০০/-)= ১৫,৫০০/-(পনের হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হয়। সভায় এ বিষয়ে অনুমোদন প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনায় জনাব আলী আকবর, সুইপার, উপজেলা পরিষদ, রাউজান এর ডিসেম্বর-২০২২ মাসে কর্মরত ৩১ দিনের বেতন বাবদ (৩১×৫০০/-) = ১৫,৫০০/-(পনের হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	জনাব আলী আকবর, সুইপার, উপজেলা পরিষদ, রাউজান এর ডিসেম্বর-২০২২ মাসে কর্মরত ৩১ দিনের বেতন বাবদ ১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

পরিশেষে সভাপতি রাউজান উপজেলার উন্নয়নের সফলতা অর্জনে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় নির্দেশনার প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। উপজেলা পরিষদ আইন, বিধিমালা ও পরিপত্র যথাযথ অনুসরণপূর্বক সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তর সমূহের কর্মকর্তাগণকে অনুরোধ জানান এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

৬/১/২৬

এ.কে.এম এহেছানুল হায়দর চৌধুরী
চেয়ারম্যান
ও
সভাপতি, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি
রাউজান, চট্টগ্রাম।

স্মারক নং- ০০.০০.১৫৭৪.০০.১৬.০০৫.২৩-৩২ (৫০) তারিখ-০৩/০১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) ঃ-

১। জনাব এ.বি.এম ফজলে করিম চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৮৩,চট্টগ্রাম-৬(রাউজান) ও সভাপতি, রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
৭। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৮। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৯। নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি/সড়ক ও জনপদ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য, চট্টগ্রাম।
১০। জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা/উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ/জেলা মৎস্য কর্মকর্তা/জেলা শিক্ষা কর্মকর্তা/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপ-পরিচালক, জেলা সমাজ সেবা অধিদপ্তর/জেলা সমবায় কর্মকর্তা/উপ-পরিচালক, বিআরডিবি/উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর/ উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম/উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম জেলা/.. চট্টগ্রাম।

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১১। মেয়র, রাউজান পৌরসভা, চট্টগ্রাম।
১২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।
১৩। উপজেলা ....কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।
১৪। চেয়ারম্যান (সকল)..ইউ/পি, রাউজান, চট্টগ্রাম।
১৫। জনাব ....
১৬। অফিস নথি।

৩/১/২৩

আবদুস সামাদ শিকদার
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
রাউজান, চট্টগ্রাম।

পরিশিষ্ট-'ক'

০৩/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৪৩তম মাসিক সভায় উপস্থিতি তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) ঃ-

ক্রঃ নং	নাম	মন্তব্য
১	জনাব এ.বি.এম ফজলে করিম চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৮৩, চট্টগ্রাম-৬ (রাউজান) ও সভাপতি, রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।	
২	জনাব এ.কে.এম এহেছানুল হায়দর চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩	জনাব মোঃ জমির উদ্দিন (পারভেজ), মেয়র, রাউজান পৌরসভা, চট্টগ্রাম।	
৪	জনাব নুর মোহাম্মদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৫	জনাব আবদুস সামাদ শিকদার, উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রাম।	
৬	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
৭	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
৮	উপজেলা কৃষি কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
৯	উপজেলা প্রকৌশলী, রাউজান, চট্টগ্রাম।	
১০	উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১১	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১২	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১৪	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১৫	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১৬	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১৭	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১৮	উপজেলা সমবায় কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
১৯	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাউজান, চট্টগ্রাম।	
২০	উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি), রাউজান, চট্টগ্রাম।	
২১	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
২২	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
২৩	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, রাউজান, চট্টগ্রাম।	
২৪	উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, রাউজান, চট্টগ্রাম।	
২৫	চেয়ারম্যান, হলদিয়া ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
২৬	চেয়ারম্যান, ডাবুয়া ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
২৭	চেয়ারম্যান, চিদাইর ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
২৮	চেয়ারম্যান, গহিরা ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
২৯	চেয়ারম্যান, বিনাজুরী ইউনিয়ন পরিষদ,রাউজান, চট্টগ্রাম।	
৩০	চেয়ারম্যান, রাউজান ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩১	চেয়ারম্যান, কদলপুর ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩২	চেয়ারম্যান, পাহাড়তলী ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩৩	চেয়ারম্যান, পূর্ব গুজরা ইউনিয়ন পরিষদ,রাউজান, চট্টগ্রাম।	
৩৪	চেয়ারম্যান, পশ্চিম গুজরা ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩৫	চেয়ারম্যান, উরকিরচর ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩৬	চেয়ারম্যান, নোয়াপাড়া ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩৭	চেয়ারম্যান, বাগোয়ান ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩৮	চেয়ারম্যান, নোয়াজিষপুর ইউনিয়ন পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
৩৯	জনাব জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর, রাউজান পৌরসভা ও সংরক্ষিত মহিলা সদস্য, রাউজান উপজেলা পরিষদ।	
৪০	জনাব রুবিনা ইয়াছমিন রুজি, ইউপি সদস্য, পূর্ব গুজরা ইউপি ও সংরক্ষিত মহিলা সদস্য, রাউজান উপজেলা পরিষদ।	
৪১	জনাব লাকী চৌধুরী, সংরক্ষিত মহিলা সদস্য, ৭নং রাউজান ইউপি ও সংরক্ষিত মহিলা সদস্য, রাউজান উপজেলা পরিষদ।	
	অনুপস্থিতি সদস্য ও কর্মকর্তাবৃন্দ	
১	জনাব ফৌজিয়া খানম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাউজান, চট্টগ্রাম।	
২	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাউজান, চট্টগ্রাম।	
৩	স্টেশন কর্মকর্তা, রাউজান ঢালা বিট কাম চেক স্টেশন, রাউজান।	
৪	জনাব শাহেনা বেগম, ইউপি সদস্য, হলদিয়া ইউপি ও সংরক্ষিত মহিলা সদস্য, রাউজান উপজেলা পরিষদ, চট্টগ্রাম।	